



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৬ ডিসেম্বর ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

নান্যাচরের বগাছড়িতে পাহাড়িদের বাড়িঘর ও দোকানে সেটলারদের হামলা-অগ্নিসংযোগ

ইউপিডিএফের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ ১৬ ডিসেম্বর মঙ্গলবার এক বিবৃতিতে রাঙামাটির নান্যাচর উপজেলার বগাছড়িতে পাহাড়ি গ্রামে সেটলার হামলা, অগ্নিসংযোগ, লুটপাট ও বৌদ্ধ ভিক্ষুকে মারধরের ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

তিনি বলেন, সকাল সাড়ে ৮টার দিকে সংঘটিত উক্ত হামলায় সেটলার বাঙালিরা পাহাড়িদের তিনটি গ্রামের ৫০টি বাড়ি ও ৭টি দোকান পুড়িয়ে দেয়। পুড়ে দেওয়া বাড়িগুলোর মধ্যে সুরিদাশ পাড়ায় ৩৭টি, বগাছড়ি পাড়ায় ৭টি ও নবীন তালুকদার পাড়ায় ৬টি। এছাড়া সেটলাররা স্থানীয় করুণা বৌদ্ধ বিহারে দুকে ভদন্ত ওগাসা ভিক্ষুকে মারধর ও বিহার থেকে পিতলের তৈরি ৪টি বুদ্ধমূর্তি লুট করে নিয়ে নিয়ে যায়।

ঘটনার বিবরণ দিয়ে বিবৃতিতে তিনি বলেন, “বগাছড়ি এলাকার সেটলার মো: আফসার আলী গত বছর (২০১৩) সুরিদাশ পাড়ার বাসিন্দা প্রফুল- চাকমা পিতা পদ্ম রঞ্জন চাকমার ২ একরের অধিক জায়গা বেদখল করার পর এ বছর সেখানে আনারস রোপন করে। এতে বাধা দিয়েও কোন কাজ হয়নি। গতকাল সোমবার রাতে তার আনারস বাগানটি পাহাড়িরা কেটে দিয়েছে এমন অভিযোগ করে আজ মঙ্গলবার সকালে সেটলাররা বগাছড়িতে জড়ো হয়ে প্রথমে রাঙামাটি - খাগড়াছড়ি সড়কে অবস্থিত পাহাড়িদের ৭টি দোকান পুড়িয়ে দেয়। এরপর তারা পার্শ্ববর্তী সুরিদাশ পাড়া, নবীন তালুকদার পাড়া ও বগাছড়ি পাড়ায় দুকে ঘরবাড়িতেও আগুন ধরিয়ে দেয় এবং লুটপাট চালায়। এতে ৫০টি ঘর পুড়ে ছাই হয়ে যায়। এ সময় সেনাবাহিনীর একটি দল ঘটনাস্থলে অবস্থান করলেও তারা সেটলারদের বাধা না দিয়ে বরং হামলায় তাদের সহযোগিতা দেয়।”

ক্ষতিগ্রস্ত দোকানের মালিকরা হলেন আনন্দ চাকমা, সুবিন্টু চাকমা, শান্তি লাল চাকমা, সুরোশি কুমার চাকমা, সাধন কুমার চাকমা, সত্য বিলাস চাকমা ও পিদেয়ে চাকমা।

যাদের ঘরবাড়ি পুড়িয়ে দেয়া হয়েছে তাদের মধ্যে কয়েকজনের নাম পাওয়া গেছে। তারা হলেন ১. সুপন জ্যোতি চাকমা, ২. সভা রঞ্জন চাকমা, পিতা- খুশী কিষ্ট চাকমা, ৩. মঞ্জু চাকমা, পিতা- অনিল চাকমা, ৪. চন্দ্র মোহন চাকমা, পিতা- মানেক চন্দ্র চাকমা, ৫. শুভতারা চাকমা, পিতা- নলবন চাকমা, ৬. পিদেয়ে চাকমা, পিতা- চন্দ্রপা চাকমা, ৭. চন্দ্র মানেক চাকমা পিতা- কমল উধো চাকমা ও ৮. বুড়িঘাট ইউপি মেম্বার কাজলী ত্রিপুরা, স্বামী- হিরক চাকমা, ৯. নিহিরাধন চাকমা (৩৩), পিতা- মৃত সাধন কুমার চাকমা, ১০. প্রদীপ চাকমা (৩৮), পিতা- সাধন কিস্ত চাকমা, ১১. নিহার বিন্দু চাকমা (২৭), পিতা- বিজু কুমার চাকমা, ১২. মঞ্জুলাল চাকমা, পিতা-বিজু কুমার চাকমা, ১৩. স্নেহ কুমার চাকমা, পিতা- মনু রঞ্জন চাকমা, ১৪. গন্দগল্যা চাকমা (৩৭), পিতা- চিয়রঞ্জন চাকমা, ১৫. পূর্ণময় চাকমা, পিতা- ভরত চাকমা, ১৬. রনো চাকমা, পিতা- নিশি কুমার চাকমা, ১৭. কালা চাকমা, ১৮. মতিলাল চাকমা ও ১৯. শংকর চাকমা।


বিবৃতিতে ইউপিডিএফ নেতা অভিযোগ করে আরো বলেন, “ঘটনার পর সকাল পৌনে ১১টার দিকে সেটলারদের লাগিয়ে দেয়া আগুনে অর্ধপোড়া একট দোকানে এক দল সেনা সদস্য পেট্রোল ঢেলে আবারো আগুন লাগিয়ে দেয়। এ সময় পাহাড়িরা প্রতিবাদ জানালে

সেনাদের সাথে পাহাড়ীদের বাকবিতণ্ডার ঘটনা ঘটে। পরে নান্যাচর জোন কমান্ডার ঘটনাস্থলে গিয়ে ৩নং বুড়িঘাট ইউপি মেম্বার আনন্দ চাকমা, সুবিন্দু চাকমা ও মুলুক্যাছড়া গ্রামের কার্বারী মিশন চাকমাকে বেদম মারধর করে।”

বিবৃতিতে তিনি বিজয় দিবসে সেটলারদের এ হামলাকে ন্যাক্কারজনক উল্লেখ করে বলেন, “সেটলারদের উগ্রবাদী অংশটি একদিকে পাহাড়ীদের ভূমি জোরপূর্বক দখল করছে, অন্যদিকে তাতে বাধা দেয়া হলে পাহাড়ীদের উপর সাম্প্রদায়িক হামলা চালাচ্ছে। রাষ্ট্রীয় বাহিনীর ইন্ধন ও সহযোগিতা ছাড়া এটা করা সেটলারদের পক্ষে সম্ভব নয়।”

পার্বত্য চট্টগ্রামে পাহাড়ীদের ভূমি অধিকার প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত এ ধরনের ঘটনা বন্ধ হবে না বলে তিনি মন্তব্য করেন এবং আজকের ঘটনার সাথে জড়িত সেটলারদের অবিলম্বে হেফতার ও শাস্তি, ক্ষতিগ্রস্ত পাহাড়ীদের যথাযথ ক্ষতিপূরণ ও পুনর্বাসন, ভূমি বেদখল বন্ধ করা ও লুপ্তিত বুদ্ধমূর্তি উদ্ধারের দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।